গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
মিশন অধিশাখা
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০১১.০০.০০.০০২.২০১৩- ৪০৮ তারিখ: ২২-০৭-২০১৮ খ্রিঃ

বিষয়ঃ বাংলাদেশ দূতাবাস, ত্রিপলী, লিবিয়াস্থ শ্রম কল্যাণ উইংয়ে কাউন্সেলর (শ্রম) পদে নিয়োগ বিজ্ঞপ্তি।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ দূতাবাস, ত্রিপলী, লিবিয়াস্থ শ্রম কল্যাণ উইংয়ে কাউন্সেলর (শ্রম) পদে কর্মকর্তা নিয়োগের জন্য যোগ্য ও আগ্রহী বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তাদের নিকট হতে সংযুক্ত 'জীবন বৃত্তান্ত ছক' অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

পদ	দূতাবাস	পদের সংখ্যা	যোগ্যতা	কাজের বিবরণ
কাউন্সেলর (শ্রম)	বাংলাদেশ দূতাবাস ত্রিপলী, লিবিয়া	১(এক)টি	জাতীয় বেতন স্কেলের ৫ম গ্রেডপ্রাপ্ত এবং ন্যূনতম ১০ বছরের চাকরির অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন।	বাংলাদেশ হতে সংশ্লিষ্ট দেশে নতুন কর্মী নিয়োগের উদ্যোগ গ্রহণ, নতুন শ্রমবাজার অনুসন্ধান, বিদ্যমান শ্রমবাজার সম্প্রসারণ, বিদেশে কর্মরত বাংলাদেশিদের কল্যাণের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ এবং রেমিটেন্স প্রেরণে সহায়তা প্রদান।

শর্তাবলী :

০১। সকল মন্ত্রণালয়/বিভাগ ও তাঁর অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ২৮-০৮-২০১৮ তারিখের মধ্যে 'জীবন বৃত্তান্ত ছক' (সংযোজনী-১) পূরণপূর্বক শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসমূহের সত্যায়িত ছায়ালিপি ও ০২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবিসহ সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবর আবেদন করতে হবে।

০২। শিক্ষাগত যোগ্যতার ফলাফলে জিপিএ উল্লেখ থাকলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত রূপান্তরিত ডিভিশন/শ্রেণী দাখিল করতে হবে।

০৩। বেসরকারী বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষা সংক্রান্ত ডিগ্রীর সনদ পত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতা সংক্রান্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি) এর প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৪। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর অথবা যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়ণ ব্যতীত সরাসরি প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচিত হবে না এবং ভুল বা অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৫। এ নিয়োগে মন্ত্রিপরিষদ বিভাগের ১৮-১২-১৯৯৩ তারিখের মপবি/রিপোর্ট/বিদেশস্থ/৪(৫)৯৩-১৭৯(১৩) এবং ১১-০৭-২০১৬ তারিখের ০৪.৪১৬.০৮৩.০০.০০.০৩১.২০১০.২২৬ নম্বর সংশোধিত পরিপত্রের বিধানাবলী অনুসরণ করা হবে।

০৬। যে সকল কর্মকর্তা ইতোপূর্বে প্রেষণে বা সরকারী পদে বিদেশে চাকরি করেছেন, চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের ০৩ (তিন) বছরের মধ্যে তাঁরা আবেদন করতে পারবেন না। বিদেশে বাংলাদেশ হাইকমিশন/দূতাবাসের সমমর্যাদার পদে যারা ইতোপূর্বে চাকরি করেছেন তাঁরাও আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

পৃষ্ঠা ২ দ্রষ্টব্য

০৭। যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এ আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ৪(চার) বছরের কম তাঁরা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

০৮। প্রার্থীত মিশনের নাম সুনির্দিষ্টভাবে জীবন বৃত্তান্ত ছকে উল্লেখ করতে হবে। তবে কোন মিশনে পদায়ন করা হবে তা কর্তৃপক্ষের এখ্‌তিয়ারে থাকবে।

০৯। ১ জানুয়ারী ১৯৯২ তারিখের পর জন্ম গ্রহণকারী সন্তানসহ যাদের সন্তান সংখ্যা ০২(দুই) এর অধিক তাদের আবেদন বিবেচিত হবে না।

১০। বিশেষ পরিস্থিতিতে বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করা হতে পারে।

(মোঃ যাহিদ হোসেন)
উপসচিব
ফোন ঃ ৯৩৪৯২৪৬
dsmission.probashi@gmail.com

বিতরণ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩। সিনিয়র সচিব....................................মন্ত্রণালয়/বিভাগ (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার জন্য বিনীত অনুরোধ করা হলো)।
০৪। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব....................................মন্ত্রণালয়/বিভাগ (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার জন্য বিনীত অনুরোধ করা হলো)।
০৬। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
০৭। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (তাঁকে বিজ্ঞপ্তিটি জীবন-বৃত্তান্ত ছকসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

নং-৪৯.০০.০১১.০০.০০.০০২.২০১৩- ৪০৬ তারিখ: ২২-০৭-২০১৮ খ্রিঃ

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে) :

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৩। সহকারী প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি তাঁকে জীবন-বৃত্তান্ত ছকসহ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এঁর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৫। যুগ্ম-সচিব (অভিবাসী কল্যাণ) এঁর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৬। অফিস কপি।

(মোঃ যাহিদ হোসেন)
উপসচিব

জীবন বৃত্তান্ত ছক

প্রার্থীর পদ ঃ

০১। নাম ও পরিচিতি নম্বর ঃ
০২। বর্তমান আবাসিক ঠিকানা ঃ
০৩। স্থায়ী ঠিকানা ঃ
০৪। জন্ম তারিখ ঃ
০৫। পদবী এবং বর্তমান কর্মস্থল ঃ
০৬। বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ ঃ
০৭। বর্তমান গ্রেড ও বেতন স্কেল ঃ
০৮। প্রথম শ্রেনীর পদে যোগদানের তারিখ ঃ
০৯। ক) ক্যাডারের নাম ঃ
খ) ক্যাডারে যোগাদানের তারিখ ঃ
গ) ক্যাডারে চাকরিকালের সঠিক মেয়াদ ঃ
(আবেদনপত্র জমা দেয়ার তারিখ পর্যন্ত)

১০। ইতঃপূর্বে যে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে কাজ করেছেন তার মেয়াদসহ (তারিখ উল্লেখপূর্বক) বিবরণ ঃ

১১। শিক্ষাগত যোগ্যতা ঃ
(এসএসসি হতে মাষ্টার্স ডিগ্রী পর্যন্ত প্রতিটি পরীক্ষায় অর্জিত শ্রেণি/বিভাগ উল্লেখ করতে হবে)

১২। প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণ ঃ

প্রশিক্ষণ	প্রশিক্ষণের নাম (ইনস্টিটিউশনের নামসহ)	প্রশিক্ষণের মেয়াদ	প্রশিক্ষণের বিবরণ
(ক) স্থানীয় (খ) বিদেশী			

১৩। বাংলা ও ইংরেজী ব্যতিত অন্যান্য ভাষায় দক্ষতা ঃ
(সার্টিফিকেট/ডিপ্লোমা ও মেয়াদ উল্লেখ করতে হবে)

১৪। বিদেশে ইতিপূর্বে পদায়নকৃত হলে তার বিবরণ (যদি থাকে)ঃ

১৫। বিবাহিত/ অবিবাহিত ঃ

১৬। সন্তান সংখ্যা ঃ
(প্রত্যেক সন্তানের নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে)

১৭। প্রার্থীত পদ ও মিশনের নাম ঃ

১৮। অন্যান্য বিষয় (যদি থাকে) ঃ

(আবেদনকারীর নামসহ স্বাক্ষর)

ফোন ঃ-
অফিস ঃ-
বাসা ঃ-
মোবাইল ঃ-
ই-মেইল ঃ-